

## তেজগাঁও রেলওয়ে বস্তিতে মাদক বিরোধী কম্বিং অপারেশন পরিচালনা করে ১০ (দশ) জন গ্রেফতার



ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় অবৈধ মাদক ব্যবসা উচ্ছেদ কল্পে অদ্য ১২-০২-২০১৪ তারিখ সকাল ১১.৩০-১২.৩০ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের সহকারী পরিচালক (উত্তর) জনাব মোহাম্মদ নাজমুল কবীর ও সহকারী পরিচালক (দক্ষিণ) জনাব মোঃ রাশেদুজ্জামান এর নেতৃত্বে ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মাহাবুব জামিল এর উপস্থিতিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৫০ জন সদস্য ও তেজগাঁও শিল্পাঞ্চল থানার এক প্লাটুন আর্মড পুলিশ সদস্য পুরো বস্তি এলাকা ব্লক রেইড দিয়ে ১০ জন মাদক ব্যবসায়ীকে গাঁজাসহ হাতেনাতে গ্রেফতার

করা হয়। অভিযান চলাকালীন Independent Television, ATN Bangla, ও Bangla Vision এর সংবাদ কর্মীরা অভিযানকারী দলের সাথে উপস্থিত ছিলেন। গ্রেফতারকৃত মাদক বিক্রেতাগণ হলো ১) মোঃ ইব্রাহিম প্রধান (২৩), পিতা-মোঃ কাশেম আলী প্রধান, সাং-পৈলপাড়া, থানা-মতলব(দঃ), জেলা-চাঁদপুর ২) কুলসুম (২৫), স্বামী-জসিম, সাং-ভখতপুর, থানা-সোনারগাঁও, জেলা-ঢাকা, ৩) ইব্রাহিম খলিল উল্লাহ (২৬), পিতা মৃত-নাজিম উদ্দিন, সাং-পশ্চিমগাঁও, থানা-তেজগাঁও, জেলা-ঢাকা, ৪) ইকবাল (৪০), পিতা-নওয়াব আলী, সাং-কাছাকাঙ্গি, থানা-রায়পুরা, জেলা-নরসিংদী, ৫) আকলী বেগম (২১), স্বামী মৃত-আলী হোসেন, সাং-তেজগাঁও থানাধীন কাওরান বাজারস্থ রেললাইন বস্তি, ঢাকা, ৬) কাকলী (২২), পিতা-সিরাজ, সাং-কাওরান বাজার রেললাইন সঙ্লগ্না অস্থায়ী বস্তি, থানা-তেজগাঁও, ঢাকা, ৭) সেলিনা (২৫), স্বামী-সেকান্দর মিয়া, গ্রাম-চিত্রাপাড়া, উপজেলা-টংগীপাড়া, জেলা-গোপালগঞ্জ ৮) মোঃ আব্দুল মালেক (৩৫), পিতা-মোঃ বিল্লাল হোসেন, সাং-নান্দ্রায়, থানা-ডামুড্যা, জেলা-শরীয়তপুর, ৯) মোঃ সুভ(২২), পিতা-মোঃ সিদ্দিকুর রহমান, সাং-বৃচিকনী, থানা-কেন্দ্রুয়া, জেলা-নেত্রকোনা ১০) মোঃ হারুন (২৫), পিতা মৃত-শাহ আলম, সাং-জয়দেবপুর, গাজীপুর। গ্রেফতারকৃত আসামীদের মোবাইল কোর্ট আইন ২০০৯ এর অধীন তাৎক্ষণিক সাজা প্রদান করেন। উক্ত মোবাইল কোর্টে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ১০(দশ) জন মাদক বিক্রেতার প্রত্যেককে ০৬(ছয়) মাস করে কারাদণ্ড প্রদান করেন। অপরদিকে মতিঝিল সার্কেলের পরিদর্শক জনাব মাসুদুর রহমান এর নেতৃত্বে অপর একটি টীম ৮৯/১৪১ নং আর. কে. মিশন রোডে (৮ম গলি) অভিযান পরিচালনা করে ২৫০ পিস ইয়াবাসহ মোঃ আতোয়ার রহমান (৩২), পিতা-নুরুজ্জামানকে হাতেনাতে গ্রেফতার করেন।

(মোহাম্মদ নাজমুল কবীর  
সহকারী পরিচালক (উত্তর)  
ফোন-৭১১৩৬৩৪।